১৬. প্রলোভন

নিজের কাছে আপনার জীবনের কোন প্রলোভনটি সবচেয়ে কঠিন মনে হয়? মাদক দ্রব্যে আসক্তি? রাগ? কাম চিন্তা? অলসতা? বাইবেল আমাদেরকে চ্যলেঞ্জ করে যেন, মন্দতা থেকে আমরা আমাদের কামনা নিওন্ত্রন করে, ভালোর কাজের পথে নির্দেশ করতে পারি। আমরা প্রত্যেকে আমাদের নিজ নিজ চিন্তার জন্য দায়ী। আমরা কিভাবে আমাদের চিন্তাকে নিওন্ত্রন করতে পারি তা আমাদের প্রত্যেকের শেখা উচিত।

মূল পাঠ: যাকোব ১:১২-১৬

পাপ আমাদের যে পথে চালায় সেই পথ সম্পর্কে যাকোব আমাদের কাছে তার চিঠিতে লিখেছেন। তিনি আমাদেরকে কষ্টের সময় ধৈর্য ধরবার বিষয় শিক্ষা দেন। ঈশ্বর আমাদে যা বলেন তা করার জন্য এবং তিনি যা নিষেধ করেন তা থেকে বিরত থাকার জন্য যাকোবের চিঠি আমাদের উৎসাহিত করে। আর তার এই আদেশ পালন করার অন্যতম একটি উপায় হল প্রলোভনের উপর জয় লাভ করা। আমরা যদি ঈশ্বরকে খুশি করতে চাই তাহলে আমাদের ঈশ্বরের মত করে চিন্তা করতে হবে এবং আমাদের কাজের মধ্য দিয়ে তা প্রকাশ করতে হবে। আমরা যদিও কখনো অন্যায় করার সুযোগ পাই সেই অন্যায় থেকে বিরত থেকে, আমাদের নিজের ইচ্ছায় ভালো কাজ করার সিদ্ধান্ত নিতে হবে।

১. যে পথ আমাদের পাপের পথে পরিচালিত করে যাকোব আমাদের সেই পথ সম্পর্কে বলে।

   প্রলোভন → পাপ → মৃত্যু

   আমরা যখন পাপের মুখোমুখি হই তখন আমাদের পাপ থেকে বিরত থেকে অন্য কি পথ অনুসরণ করা উথেকে

২. প্রলোভনের যে আকাঙ্ক্ষা বা ইচ্ছা (বা যে পথ) আমাদের পাপের পথে পরিচালিত করে তা থেকে আমরা কিভাবে আমরা বিরত থাকতে পারি?

৩. যাকোব আমাদের বলে যে, একজন মানুষের নিজের মনের কামনা বা বাসনাই তাদেরকে “পাপের দিকে টেনে নিয়ে যায়”। এই কথা দ্বারা আমাদের কি বোঝানো হয়েছে?

প্রাসঙ্গিক কিছু পদ	
পাপের উৎস	যিরমিও ১৭:৯; মার্ক ৭:১৪-২৩; যাকোব ১:১৪.
প্রলোভনের জন্য সাহায্য	মথি ২৬:৪১; ১ করিন্থীও ১০:১২-১৪; ফিলিপীও ২:১৩; ইব্রীও ২:১৪-১৮; ৪:১৪-১৬; যাকোব ১:৫; যিহুদা ২৪-২৫।
প্রলোভনের থেকে দূরে পালানো	আদিপুস্তক ৩৯:১০; ২ তিমথিও ২:২২।
ঈশ্বরের মত করে চিন্তা করার বিষয়ে শিক্ষা	গিতসংহিতা ১:২; মথি ৫:২৭-৩০; ২ করিন্থীও ১০:৫; ফিলিপীও ৪:৮-৯।

মন্দ চিন্তা

“ভালো এবং মন্দের মধ্যে যে দ্বন্দ্ব যুদ্ধ” সে সম্পর্কে সঠিক জ্ঞান আমাদেরকে প্রলোভন সম্পর্কে বুঝতে সাহায্য করে। বাইবেল আমাদেরকে বলে যে

> “অন্তর সব কিছুর চেয়ে ঠগ, তাকে কোন রকম ভালো করা যায় না। কেউ মানুষের অন্তর বুঝতে পারে না।”
> (যিরমিও ১৭:৯)

এবং

> “মানুষের ভিতর, অর্থাৎ অন্তর থেকেই মন্দ চিন্তা, . . . এই সব মন্দতা মানুষের ভিতর থাকে বের হয়ে আসে এবং মানুশকে ‘অশুচি’ করে।” (মার্ক ৭:২১-২৩)

আপনার মন্দ চিন্তা আপনার নিজের ভিতর থেকেই বের হয়ে আসে; তা আপনার মনে অন্য কোন কিছু বা কোন মানুষ দ্বারা ঢুকানো হয় না। পাপ করা থেকে বিরত থাকার থাকতে চাইলে সর্বপ্রথমে আমাদের মন্দ চিন্তার গোঁড়া বা উৎসকে চিহ্নিত করতে হবে।

বাইবেল আমাদের শিখায় যে আমরা আমাদের নিজেদের চিন্তার জন্য আমরা নিজিরাই দায়ী। আমরা যা আমাদের চোখে দেখি তা আমাদের চিন্তাকে প্রভাবিত করতে পারে। খ্রিষ্টের অনুসারী হিসেবে আমাদের নির্দেশ করা হয়েছে যেন আমরা আমাদের চিন্তা এবং কামানকে নিয়ন্ত্রন করে এবং ভালো কাজের দিকে পরিচালিত করি।

প্রভুর প্রার্থনায় আমরা এই অনুরধ জানাই “আমাদের তুমি পরিক্ষায় (প্রলভনে) পরতে দিও না”। আমরা যখন এই প্রার্থনা করি, আমরা ঈশ্বরের কাছে অনুরধ জানাই, যেন তিনি আমাদের এমন কোন পরিবেশ বা প্রভাব থেকে দূরে রাখেন যা আমাদের মনে প্রলোভন সৃষ্টি করতে পারে। তবে এও ঠিক যে, একজনের কাছে যা প্রলোভন, অন্য জনের কাছে তা প্রলোভন নাও হতে পারে।

এই প্রার্থনা আমাদের এও শিখায়, যে পাপকে দমন করতে লড়াই (বা সংগ্রাম) করার জন্যেও আমাদের প্রস্তুত থাকতে হবে। প্রলোভনের উপর জয় লাভ করার জন্য আমাদের ঈশ্বরের কাছে প্রার্থনা করা উচিত। ঈশ্বরের প্রতি আমদের যে দায়িত্ব রয়েছে, কোন কিছু যদি সেই দায়িত্ব পালনে বাধা সৃষ্টি করে, তা থেকে দূরে থাকার জন্য আমাদের সবসময় চেষ্টা এবং প্রার্থনা করা উচিত।

ঈশ্বরের আমাদেরকে প্রলোভনে পরতে দেন, কারন তা আমাদের বিশ্বাস এবং ঈশ্বরকে সেবা করার ইচ্ছাকে যাচাই করে। কিন্তু আমাদের এই প্রলোভন যেন আমাদের জন্য অতিরিক্ত বোঝা না হয় সে বিষয়ও ঈশ্বর দৃষ্টি রাখেন। আপনার প্রলোভন যত কঠিনই হোক না কেন, ঈশ্বরের সাহায্যে আপনি তার উপরে জয়লাভ করতে পারেন।

[একমাত্র ঈশ্বর] তোমাদের উছোট খাওয়ার হাত থেকে রক্ষা করে নিখুঁত অবস্থায় নিজেদের মহিমার সামনে আনন্দের সঙ্গে উপস্থিত করতে পারেন। (যিহূদা ২৪-২৫)

আর দেখুন ১ করিন্থীও ১০:১৩।

পরিষ্কার মন

গীতসংহিতার শুরুতে বলা হয়েছে,

"ধন্য সেই লোক, যে দুষ্টদের পরামর্শমত চলে না, পাপীদের পথে থাকে না, ঠাট্টা-বিদ্রুপ কারীদের আড্ডায় বশে না" (গীতসংহিতার ১:১)

এখানে আমাদের আরো একবার দেখানো হয়েছে যে আমাদের ঈশ্বর-ভয়হীন পরিবেশ থেকে দূরে থাকা প্রয়োজন। যে পরিস্থিতিতে আমরা প্রলোভনের মুখোমুখি হতে পারি সেই পরিস্থিতি থেকে দূরে থাকাই আমাদের জন্য নিরাপদ। গীতসংহিতা ১ অধ্যায়ে আরো বলা হয়েছে

"সদাপ্রভুর আইর-কানুনেই তার আনন্দ, আর সেটিই তার দিনরাতের ধ্যান।" (গীতসংহিতার ১:২)

তাহলে আমরা বলতে পারি, আমাদের পাপী চিন্তা চেতনাকে ঐশ্বরিক চিন্তা চেতনায় পাল্টাতে হবে। প্রলোভনকে দমন কররার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হল আমদের মন-মানসিকতা আর চিন্তা-চিন্তাকে ঈশ্বরভীরু চিন্তা-ভাবনায় ভরে তোলা। পৌল আমাদেরকে বলেছেন "আমরা . . . মনের প্রত্যেকটি চিন্তাকে বন্দী করে খ্রিষ্টের বাধ্য করি" (২ করিন্থীও ১০:৫)। আমরা যদি সত্যি সত্যিই প্রলোভনের উপর জয় লাভ করতে চাই, আমাদেরকে প্রথমে আমাদের মনকে নিয়ন্ত্রন করে, ভালো বিষয় সম্পর্কে চিন্তা করতে শিখতে হবে।

"যা সত্যি, যা উপযুক্ত, যা সৎ, যা খাটি, যা সুন্দর, যা সম্মান পাবার যোগ্য, মোট কথা যা ভালো এবং প্রশংসার যোগ্য, সেই দিকে তোমরা মন দাও। . . . তাতে শান্তিদাতা ঈশ্বর তোমাদের সংগে সংগে থাকবেন।" (ফিলিপীও ৪:৮-৯)

সারাংশ

আমাদের প্রলোভন আমদের নিজেদেরই চিন্তা – এটি আমাদের ভিতর থেকে বের হয়ে আসে। আমাদের চারপাশের পরিবেশ আমাদের চিন্তায় প্রভাব ফেলতে পারে। আর আমদের চিন্তা প্রায়ই আমাদের পরিবেশ দ্বারা প্রভাবিত হয়, আর তাই আমাদের অত্যন্ত সতর্ক থাকা প্রয়জন। বিশ্বাসী হিশাবে আমাদেরকে নির্দেশ করা হয়েছে যেন আমরা যিশু খ্রিষ্টের আদর্শ আনুসরণ করে প্রলোভনকে জয় করতে পারি। আর তা করার একটি উপায় হল, পাপের যে প্রলোভন আমাদের মধ্যে রয়েছে তা আমাদের মন সরিয়ে ঐশ্বরিক চিন্তা আর ভালো কাজ করার ইচ্ছা দিয়ে আমাদের মনকে ভরে তোলা। আমাদের মনে রাখা প্রয়োজন যে ঈশ্বর চান যেন আমরা সাহায্যের জন্য প্রার্থনা করি, আর তিনি আমাদের সাহায্য করার জন্য সবসময় প্রস্তুত আছেন।

চিন্ততার উদ্দীপক

১. বাইবেলের এমন কোন অংশ কি আপনি খুজে পেতে পারেন যা আমাদের ভালো কাজের আগ্রহ সম্পর্কে শিক্ষা দ্যায়?

২. ইয়োব তার সমস্ত সন্তা-সন্ততি, পশুসম্পদ হারায় এবং তার সমস্ত শরীরে ঘা দ্বারা অত্যাচারিত হয়। তার এই সমস্ত ভয়াভয় অভিজ্ঞতার কারনে সে কি প্রলোভনের মুখোমুখি হয়েছিলো বলে আপনি মনে করেন?

৩. ইয়োব ২:৯-১০ পদ পড়ুন। ইয়োবের স্ত্রী ঈশ্বরকে অভিশাপ দেওয়ার জন্য ইয়োবকে প্ররোচিত করে। আমাদের নিকট বন্ধু-বান্ধব আমাদেরকে কিভাবে প্রলোভনের পথে পরিচালিত করতে পারে? এই রকম কোন পরিস্থিতিতে আমরা কিভাবে প্রলোভনকে জয় করতে পারি?

সহায়ক অনুসন্ধান

১. এমন কিছু পরিস্থিতির (বা উদাহরনের) কথা চিন্তা করুন যা আপনার মধ্যে প্রবল কোন প্রতিক্রিয়া সৃষ্টি করে, অথচ আপনার পরিচিত অন্য কোন একজনের উপর তা কোন প্রতিক্রিয়াই সৃষ্টি করে না। এই ঘটনাকে আপনি কিভাবে আপনার ব্যক্তিগত প্রলোভনের উপর জয় লাভের জন্য ব্যবহার করতে পারেন?

২. আপনি কি এমন কোন ঘটনার কথা মনে করতে পারেন যেখানে ঈশ্বর আপনাকে কোন পরিস্থিতি থেকে সরিয়ে নিয়েছেন যা আপনাকে প্রলোভনে ফেলতে পারতো?

৩. যিশু যখন মরুভূমিতে প্রলোভনের মুখোমুখি হন, পাপ না করার জন্য নিজের মনকে শক্ত করার জন্য যিশু বাইবেলের পদ উক্তি হিসেবে ব্যবহার করেন। বাইবেল থেকে এমন কিছু পদের একটি তালিকা তৈরি করুন যা আপনাকে আপনার প্রলোভনকে বশে আনতে শক্তি জোগাবে।

৪. প্রলোভনের উপর জয় লাভ করার জন্য নিচের বক্সে লেখা ধাপগুল সম্পর্কে ভেবে দেখুন।

প্রলোভনের উপর জয় লাভ করা	
১ম ধাপ	**দেখুন (সনাক্ত করুন):** আপনার প্রধান প্রলোভনের দুর্বলতাগুলো চিহ্নিত করুন।
২য় ধাপ	**দৌড়ান:** যা আপনার মনে প্রলোভনের সৃষ্টি করছে তা থেকে যত তারাতারি সম্ভব দূরে পালান।
৩য় ধাপ	**প্রার্থনা:** আপনার যে প্রলোভনের সমস্যা রয়েছে ঈশ্বরের কাছ থেকে সাহায্য চান।

ক. এমন একটি বা দুইটি পাপের কথা খাতায় লিখুন যা পরিহার করা বা এড়িয়ে চলা আপনার জন্য কষ্টকর।

খ. এই প্রলোভনগুলো থেকে “দৌড়ানোর” জন্য আপনি কি কি পদ্ধতি অনুসরণ করতে পারেন? উদাহরন সরূপ, মাদক দ্রব্য গ্রহন যদি আপনার সমস্যা হয়ে থাকে, এমন কোন জায়গায় যাওয়া থেকে বিরত থাকুন যেখানে আপনাকে কোন মাদক দ্রব্য দেওয়া হতে পারে। অনেক টাকা অর্জন করা যদি আপনার প্রলোভন হয়, এমন কোন কাজ করা থেকে বিরত থাকুন যা আপনাকে বড়লোক হতে উৎসাহিত করে। ধনী লোকেদের সাথে সময় না দিয়ে গরীব মানুষের সাথে সময় দিন, যাতে আপনার যা আছে তাতেই আপনি খুশী থাকতে পারেন।

গ. আপনার প্রলোভনের উপর জয় লাভ করার জন্য ঈশ্বরের কাছে সাহায্য চান।

এই বিষয়ে আরো জানতে চাইলে নিচে উল্লিখিত বই/সূত্রগুলো অনুসন্ধান করুন

- Letters to George and Jenny লেখক Harry Whittaker (Biblia কর্তৃক প্রকাশিত, ১৯৮৮), অধ্যায় ৩৮, ৩ পৃষ্ঠা। প্রলোভনকে জয় করার বিষয়ে বিভিন্ন উপদেশ সহ একটি ছোট চিঠি।

আরো দেখুন

৯. প্রার্থনা

১৪. পবিত্রতা ও বাধ্যতা

১৭. পাপ

২৪. দিয়াবল এবং শয়তান: পুরাতন নিয়ম

২৫. দিয়াবল এবং শয়তান: নতুন নিয়ম

৬৪. বন্ধু-বান্ধবি